## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রাত লাইন ।৴০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

**শ্যামা দন্তমঞ্জন**

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ॥০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেন্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই চৈত্র বুধবার ১৩৫৬ ইংরাজী 22nd Mar. 1950 { ৪২শ সংখ্যা



মণ্ডলপুর

## গঙ্গাধর আয়ুর্ব্বেদীয় ঔষধালয়

আমি রামপুরহাট টোলে সংস্কৃত অধ্যয়ন করিয়া স্বনামধন্য কবিরাজ শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ কবিরত্নের নিকট আয়ুর্ব্বেদ শিক্ষা করিয়া স্বগ্রামে এই ঔষধালয় স্থাপন করিয়াছি। এখানে নানাবিধ অরিষ্ট, আসব, তৈল, ঘৃত, চ্যবনপ্রাশ প্রভৃতি শাস্ত্রীয় ঔষধ বিক্রয়ার্থ প্রস্তুত রাখি। বিদেশী রোগিগণের থাকিবার সুব্যবস্থা আছে। গরীব রোগিদিগকে বিনা পারিশ্রমিকে যত্নসহকারে ব্যবস্থা দিয়া থাকি। অল্প সময়ের মধ্যে অনেকগুলি রোগী আমার চিকিৎসায় আরোগ্য লাভ করিয়াছে। পরীক্ষা প্রার্থনীয়।

রেজিষ্টার্ড কবিরাজ শ্রীস্বয়ম্ভুপদ বিদ্যারত্ন
আয়ুর্ব্বেদরত্ন ও বিশারদ
কবিরাজ ৺অবনীশচন্দ্র বিদ্যাবিনোদের পুত্র
মণ্ডলপুর, পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ।



## ৪২এর অধ্যায়—

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে "হিন্দুস্থান" এর বিচিত্র ও বিস্ময়কর ইতিহাসে আর একটি উজ্জ্বলতর নূতন অধ্যায় সংযোজিত হইল। ইহা একদিকে যেমন হিন্দুস্থানের অবিচ্ছিন্ন বহুমুখী জনসেবার পরিচয় প্রদান করে, অপর দিকে তেমনি তাহাদের আর্থিক উন্নতি সাধনের সহায়ক হিসাবে জনসাধারণ এই প্রতিষ্ঠানের উপর কতখানি আস্থাবান ও নির্ভরশীল তাহারও প্রমাণ পাওয়া যায়। এই আস্থা ও নির্ভরশীলতা যে উত্তরোত্তরই বৃদ্ধি পাইতেছে, সোসাইটির গত ১৯৪৮ সালের হিসাব-নিকাশেই তাহার নিদর্শন পাওয়া যায়ঃ—

| | |
|---|---|
| নূতন বীমা | ১৩,১৮,৫৭,২৫৮৲ |
| মোট চলতি বীমা | ৬৩,৪২,২৬,৯৫৯৲ |
| প্রিমিয়ামের আয় | ২,৯৫,৮০,৪৫৪৲ |
| বীমা তহবীল | ১২,০৭,২০,৪৬১৲ |
| মোট সম্পত্তি | ১৩,৪১,৫১,০০৭৲ |
| প্রদত্ত ও দেয় দাবীর পরিমাণ (১৯৪৮) | ৬৭,১১,৪৪৬৲ |

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৮ই চৈত্র বুধবার সন ১৩৫৬ সাল।

# শাসন-শৈথিল্য

—:০:—

আমরা ১৯৪৮ এর ২১শে জুলাই তারিখের জঙ্গিপুর সংবাদে জঙ্গিপুর এলাকা হইতে পাকিস্থানে খাদ্য-শস্য রপ্তানির কথা লিখিয়াছিলাম। আমাদের উক্তির সমর্থনের জন্য কয়েকদিন পূর্ব্বে "আনন্দবাজার পত্রিকায়" প্রকাশিত ডাঃ বামনদাস মুখোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী—শ্রীমতী সরসীবালা দেবীর ৫৬নং ডাউন কিউল প্যাসেঞ্জারে ( ১৩৫৫।২২ আষাঢ় ) ভ্রমণকালীন তিলডাঙ্গা ছাড়িয়া যেখানে সেখানে ট্রেন থামাইয়া, ধান্যের বস্তা বোঝাই করা ও ধুলিয়ান ছাড়িয়া এক জঙ্গলের কাছে ট্রেন থামাইয়া বস্তাগুলি নামাইবার সময় টর্চ দেখাইয়া গার্ড সাহেবের নিজে চোরাই কারবারীদের সাহায্য করার কথা—গার্ডের নিকট তিনি ইহার প্রতিবাদ করায়, অভদ্র আচরণ পাইবার পত্রখানিও প্রকাশ করিয়াছিলাম।

জঙ্গিপুরের মহকুমা অফিস রঘুনাথগঞ্জে অবস্থিত। এই স্থানে লালগোলার মহারাজা প্রদত্ত হিন্দু-সরাইখানায় সরকারী ও বেসরকারী ভদ্রগণের একটী ক্লাব আছে। তাহা সত্ত্বেও স্বাধীনতা লাভের পর সরকারী ছোট বড় সর্ব্ব বিভাগীয় কর্ম্মচারী সপরিবারে প্রতি শনিবারে এক এক জনের বাড়ীতে মিলিবার জন্য "শনিচক্র" নাম দিয়া এক মিলন সংসদ সৃষ্টি করেন। ইহার সভ্য সভ্যাগণের মধ্যে "এলে গেলেই মানুষের কুটুম—গা চাটলেই গরুর কুটুম" এই প্রবাদের সার্থকতা বেশ পরিলক্ষিত হয়। সকলে যেন এক গোষ্ঠীভুক্ত; একের অন্যায় কর্ম্মে অন্যের সমর্থনের দৃষ্টান্ত আমরা ইতিপূর্ব্বে প্রকাশ করিয়াছি। "ভারতের সীমান্তে অবস্থিত স্থানে এই চক্র (চক্রান্ত?) রাষ্ট্রের পক্ষে শুভকর নহে" বলিয়া মন্তব্যও করিয়াছি। কর্ম্মচারিগণের কর্ত্তব্য কর্ম্মে শিথিলতারও উল্লেখ করিয়াছি।

## শিথিলতার দৃষ্টান্ত

গত বর্ষাকালে সরকার পাকিস্থানের সংলগ্ন মহকুমা জঙ্গিপুরে জরুরী কার্য্যে হঠাৎ দরকার হয়, বলিয়া দুইখানি মোটর বোট রাখিয়াছিলেন।

তখনকার মহকুমা শাসক মেজর ব্যানার্জ্জি কি কি কাজে কোন্ কোন্ অফিসার—ঐগুলি ব্যবহার করিতে পারিবেন, তাহার নির্দ্দেশ দিয়া স্থানীয় সংশ্লিষ্ট অফিসসমূহে চিঠি দ্বারা অবগত করাইয়াছিলেন। তাহা সত্ত্বেও দুই জন ফৌজদারী হাকিম, একজন দেওয়ানী হাকিম, তিন জন উকীল বাবুকে সঙ্গে লইয়া একখানি মোটর বোটযোগে তিন মাইল দূরবর্ত্তী গ্রামে এক ধনীর বাগান বাটীতে মৎস্য শিকার উপলক্ষ করিয়া এই রেশনের যুগে রসনার সাধ মিটাইতে যান। আমরা আমাদের ১৯৪৯ এর ১৪ই সেপ্টেম্বরের জঙ্গিপুর সংবাদে তাহার বিশেষ ইঙ্গিত দিয়াছি। "ধর্ম্মের কল বাতাসে নড়ে"—মোটর বোট আরোহিগণকে লইয়া ঘুরিয়া যখন রঘুনাথগঞ্জ কারমাইকেল রোডে আসিল, আর একখানি মোটর বোটের সঙ্গে তাহার সংঘর্ষ লাগিয়া একখানি জখম হইল। মেজর ব্যানার্জ্জি ঠিক সেই সময়েই এক ডিঙ্গি নৌকায় সেস্থানে উপস্থিত হইলেন। মৎস্য-শিকারীগণ তখন চলিয়া গিয়াছেন। তিনি সারেঙ সাহেবের কৈফিয়ৎ করায়—সারেঙ সাহেব ছোটা সাহেবের দোহাই দিলেন।

জরুরী কার্য্যে কোথাও যাইতে হইবে বলিয়া জঙ্গিপুর মহকুমার শাসকের হেপাজতে সরকার ড্রাইভার সহ একখানি জীপ গাড়ী দিয়াছেন। গত ২৪শে নবেম্বর প্রাতে একজন শাসন বিভাগের ও একজন বিচার বিভাগের হাকিম সেই জীপ গাড়ীযোগে ধুলিয়ান অভিমুখে যাত্রা করিলেন, ফিরিয়া আসিলেন প্রায় বেলা ২টার সময়। পরে জানা গেল —তাঁহারা ক্লাবে "মৌচাকে ঢিল" নাটক অভিনয় করিবেন— অরঙ্গাবাদ ও ধুলিয়ানের নামজাদা ব্যবসায়ী ও অধিবাসিগণের মধ্যে টিকিট বিক্রয় করিতে গিয়াছেন। ক্লাবের সভ্যগণের নিকট জানা গেল—তাঁহারা শুধু টিকিট বিক্রয় করেন নাই,—ধুলিয়ান, অরঙ্গাবাদ হইতে ক্লাবের "লাইফ মেম্বার" করিয়া হিন্দু, মুসলমান ও জৈন ব্যবসাদারগণের নিকট কম বেশী ২০০০৲ হাজার টাকা আদায় করিয়াছেন। সরকারী জরুরী কাজের উদ্দেশ্যে নিয়োজিত জীপ গাড়ী ইহারা বিচারক হইয়া কি ভাবে ব্যবহার করিতেছেন! যাঁহাদের আদালতে একটু রূঢ়ভাবে কথা কহিলে আদালত-অবমাননার অপরাধী হইতে হয়, তাঁহারা নিজেই দেশের কোন্ লোকহিতকর কার্য্যের জন্য সুখ্যাত কুখ্যাত সকল ব্যবসাদারের দ্বারস্থ হইয়া নিজেদের পদের মর্য্যাদা রক্ষা করিতেছেন!

নাটক অভিনয়ের সময় সরকারী প্রচার বিভাগের 'মাইক' ব্যবহার করিতেও ইহারা একটুও ইতস্ততঃ করেন না। ইহাদের 'শনিচক্রেও কখনও কখনও প্রচার বিভাগের মাইক, এম্‌প্লিফায়ার ও লাউডস্পীকার ব্যবহার করিতে দেখা গিয়াছে। ইহাদের অন্যায় কর্ম্মে প্রতিবাদ করিবার কিম্বা বাধা দিবার কেহই নাই ইঁহাদের বিশ্বাস।


আমাদের 'জঙ্গিপুর সংবাদ' কার্য্যালয় যে স্থানে অবস্থিত, তাহার চারিদিকেই চাউলের আড়ত। গত তিন চারি মাস হইতে প্রায়ই দেখা যায় বহু লোক গাড়ী ও ঘোড়া বোঝাই দিয়া চাউল খরিদ করিয়া স্থানান্তরে লইয়া যাইতেছে, আড়তদারগণ অনুমান করেন প্রায় দিনই ৩০০ হইতে ৪০০ মণ চাউল বাজার হইতে সুতী ও সমসেরগঞ্জ এলাকার লোক লইয়া যাইতেছে। আড়তদারগণ ক্রেতাগণের নিকট জঙ্গিপুর ফৌজদারী আদালতের প্রদত্ত পারমিট দেখিয়াছে। ওয়াকিব-হাল ব্যক্তিগণের নিকট জানিলাম—ফৌজদারী আদালত হইতে হাজার হাজার পারমিট দেওয়া হইয়াছে। পারমিটে নম্বর নাই। অফিসে কোন রেকর্ড নাই, যাহাতে ধরা পড়িবে—কোন্ মোকামের কাহাকে পারমিট দেওয়া হইয়াছে। এই পারমিট চালু করার পর ষ্টেশন রাস্তার ধারে অনেক অস্থায়ী আড়ত চাউল খরিদ বিক্রয় আরম্ভ করিয়াছে। আমরা একখানি 'পারমিটের' অবিকল আলোক চিত্র প্রকাশ করিলাম।

আর একখানি পারমিটের স্বাক্ষরকারী এস. ডি. ও. র হুকুম ও স্বাক্ষরের প্রতিলিপি প্রকাশ করিলাম। তৈল চিত্রখানির এস. ডি ও. অপরখানির এস. ডি. ও. এক নহে। অথচ উভয় এস. ডি. ও. ই ১৭-১১ তারিখে পারমিটে স্বাক্ষর করিতেছেন।

যে পাকিস্থান সশস্ত্র পুলিশকে জীবন্ত অবস্থায় নিজের কাবেজে লইয়া যাইবার মন্ত্র জানে, এই সব পারমিটের মধ্যে তাহার কেরামতী আছে কি না কে বলিবে? আমরা সরকারের তৎপর দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

৮ই চৈত্র বুধবার ১৩৫৬, ইংরাজী ২২শে মার্চ্চ ১৯৫০



মহামহিম শ্রীল শ্রীযুক্ত জঙ্গিপুর মহকুমা
সাব ডিভিশনাল অফিসার বাহাদুর
সমীপেষু—

[illegible]

[illegible]

[illegible]

আজ্ঞাধীন ভৃত্য—
[illegible]



Permitted for quantity below 10 (Ten) md

SDO (J)
17/11

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—
শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## নোটীশ

এতদ্দ্বারা জানান যাইতেছে যে মুর্শিদাবাদ, ঢাকা ও রাজসাহী জেলার অন্তর্গত নিম্নলিখিত তৌজিগুলি যাহার জমি উভয় বঙ্গে অবস্থিত আছে (পূর্ব্ব বঙ্গ ও পশ্চিম বঙ্গ)। উক্ত তৌজিগুলির উভয় বঙ্গের অবস্থিত জমির অনুপাতে রাজস্ব ও সেসাদি বিভাগ বণ্টন হওয়ায় পশ্চিম বঙ্গে অবস্থিত জমির পরিমাণ অনুসারে ধার্য্য রাজস্ব ও সেসাদি এবং মুর্শিদাবাদ জেলার জন্য নূতন তৌজি নম্বর নিম্নে প্রদত্ত হইল। অতএব এতদ্দ্বারা উক্ত তৌজিগুলির জমিদারগণকে অনুরোধ করা যাইতেছে যে তাঁহারা ১৯৫০ সালের আগামী জুন কিস্তি হইতে নিম্নলিখিত রাজস্ব ও সেসাদি অত্র মুর্শিদাবাদ কালেক্টরীতে যেন আদায় দেন। অন্যথায় উক্ত তৌজিগুলি নীলাম বিক্রয় দ্বারা রাজস্ব ও সেসাদি আদায় করা যাইবে। আবশ্যক হইলে নিম্নলিখিত তৌজির মালিকগণ নিম্ন স্বাক্ষরকারীর সহিত দেখা করিতে পারেন। ইতি—

| জেলা | তৌজি নং | রাজস্ব | সেস | শিক্ষা সেস |
|---|---|---|---|---|
| মুর্শিদাবাদ | ৪৪ | ৩০৫০৶৫ | ২৮৪৷৵০ | ৩৯১৷৩ |
| | গড় জেলা বীরভূম | — | ১১০৷৶০ | ১৫১৸৩ |
| ঐ | ২০৮ | ১৩৭৪২৶০ | ৩৩৬৪৷৶০ | ৪৫২৯৸/৯ |
| | পুলিশ | ১৫০৵৩ | — | — |
| | চৌকিদারী চাকরাণ | | ৫৸৶০ | — |
| | গড় জেলা নদীয়া | — | ৸/০ | ১/০ |
| ঐ | ৪৩৬ | ৩৩৪৫৵২ | ৩৪৯॥/০ | ৪৬৯॥৵১ |
| | গড় জেলা বীরভূম | — | ২২০॥৶০ | ২৯৩॥৵৬ |
| ঐ | ৫০৬ | ৭১০৯৸৵৪ | ৬৭৮৸৶০ | ৮৯০৸৶৪ |
| | গড় জেলা বীরভূম | — | ৯৯০।/০ | ১৩১৪৸৶৬ |
| ঐ | ৫১৫ | ৮৭৩৶০ | ২০৮৶০ | ২৭৪/০ |
| ঐ | ৫৪৩ | ১৩৩৷৭ | ৫৶০ | ৮৸৶৩ |
| | গড় জেলা বীরভূম | — | ৫৸/০ | ৭৸৵৬ |
| ঐ | ৫৪৪ | ১৩৩৷৭ | ৬৷০ | ৮॥/৩ |
| | গড় জেলা বীরভূম | — | ৫॥৶০ | ৭৸৩ |
| ঐ | ৬২২ | ১৩৭৸৵১ | ৪৷৵০ | ৬৶৯ |
| | গড় জেলা বীরভূম | — | ৫৸০ | ৭৸৵৩ |
| ঢাকা ৩৭৬ সাবেক<br>মুর্শিদাবাদ ৩২৭১ হাল | | ৪৯৸৯ | ৪৫৷৶০ | ৫৭৶১০ |
| রাজসাহী ১৯০০ সাবেক<br>মুর্শিদাবাদ ৩২৭২ হাল | | ১০॥৶৭ | ১১৵০ | ১৪॥/৩ |
| রাজসাহী ১৯০৯ সাবেক<br>মুর্শিদাবাদ ৩২৭৩ হাল | | ৩৬৸১ | ১৷/০ | ২৷৬ |
| রাজসাহী ২৪৫৭ সাবেক<br>মুর্শিদাবাদ ৩২৭৪ হাল | | ১৩৯৸৵০ | ১৭৷৵০ | ২৮/০ |
| রাজসাহী ২৪৫৮ সাবেক<br>মুর্শিদাবাদ ৩২৭৫ হাল | | ৪৭৸/০ | ৫৸৵০ | ১০৷৩ |
| রাজসাহী ৬৯ বি-১ সাবেক<br>মুর্শিদাবাদ ৫১৩বি-১ হাল | | — | ৩২৷৶০ | ৪০॥৯ |
| রাজসাহী ৭০বি-১ সাবেক<br>মুর্শিদাবাদ ৫১৪ বি-১ হাল | | — | ১৪৫৵০ | ১৮১৷৵৬ |

স্বাক্ষর
For Collector of Murshidabad.

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই এপ্রিল ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

৪২ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং শ্যামাপদ রায় দিং দাবি ৬৯১৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দিয়াড় রঘুনাথপুর ৪৪-১০ শতকের কাত ১৩৫৲ আঃ ২০০৲ খং ২৬ রায়ত স্থিতিবান

২৫ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কুড়ান মণ্ডল দাবি ১৩॥৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১-৬২ শতকের কাত ৩৵২ আঃ ৫৲ সেটেলমেণ্ট কালে উক্ত জমি নদীগর্ভে থাকায় সেটেলমেণ্ট হয় নাই রায়ত স্থিতি-বান

৬৪ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং নেবার সেখ দিং দাবি ১২॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলগাছি ৬০ শতকের কাত বৃদ্ধিসহ ২৩১ আঃ ৫৲ খং ১৪০ রায়ত স্থিতিবান

৬৬ থাং ডিঃ ঐ দেং সকাতুল্লা সেখ দাবি ৮৷৵৩ মৌজাদি ঐ ১১ শতকের কাত ॥/০ আঃ ৪৲ খং ১৪৮ ঐ স্বত্ব

৬৭ থাং ডিঃ ঐ দেং তোরাফ আলি বিশ্বাস দাবি ১৬॥৵৩ মৌজাদি ঐ ১-২৩ শতকের কাত ৪৵৮ আঃ ৪৲ খং ২০৫, ২৫৫, ৭৯ ঐ স্বত্ব

৬৮ থাং ডিঃ ঐ দেং মৌলবী আব্বাস আলি বিশ্বাস দিং দাবি ২৮৷৩ মৌজাদি ঐ ২-৩৪ শতকের কাত ৭৸৵০ আঃ ৫৲ খং ২৭৭ ঐ স্বত্ব

৬৯ থাং ডিঃ ঐ দেং নেসবাহার সেখ দিং দাবি ১২৷৩ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৸৶০ আঃ ৪৲ খং ১৭১ ঐ স্বত্ব

৭৫ থাং ডিঃ ঐ দেং নজিমন বিবি দাবি ১২৷৩ থানা ঐ মৌজে সাহাজাদপুর ৩৪ শতকের কাত ১৩ আঃ ৫৲ খং ২২৭ ঐ স্বত্ব

৮৪ থাং ডিঃ ঐ দেং এজান বিবি দাবি ১৯৸৩ থানা ঐ মৌজে বাবুপুর ১-৬২ শতকের কাত ৫৷৵৬ আঃ ৫৲ খং ১৭, ১৮, ১৯, ২৩, ১১১ ও অধীনস্থ খং ২০, ২১, ২২, ৫০ ঐ স্বত্ব

৮৯ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং গিরিশ-চন্দ্র ঘোষ দিং দাবি ৯॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ।৩৸০ কাঠার কাত ॥/৬।০ আঃ ১০৲ খং ২৫৭

৯০ থাং ডিঃ ঐ দেং কুঞ্জলাল ঘোষ দিং দাবি ২৮৶৬ মৌজাদি ঐ ৩/১।০ জমির কাত ৪/৩৸০ আঃ ২৫৲ খং ২৫৭

[পর পৃষ্ঠা দেখুন।

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

৯৭ থাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং শ্রীচরণ মণ্ডল দাবি ২২৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৪৯ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ২০৲ থং ৪২০ রায়ত স্থিতিবান

১১৩ থাং ডিঃ সেবাইত মনোহরচন্দ্র সিংহ দেং মসিবুল্লা বিশ্বাস দিং দাবি ৪৪৮৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নওদা-টুলি ও গোঁসাইপুর ৩-৬০ শতকের কাত ৬৴/১১ আঃ ২৫৲ থং ৬৭ ও ৫২ রায়ত স্থিতিবান

১১৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷/৬ থানা ঐ মৌজে নওদাটুলি ৪৬ শতকের কাত ১৷৪ আঃ ১০৲ থং ৬৮ ঐ স্বত্ব

২৭ থাং ডিঃ শ্রীনন্দন দাস দিং দেং ফকিরমহম্মদ নাদাপ দিং দাবি ১৬৷৴৩ থানা স্থতী মৌজে ভাবকী ২০ শতকের কাত ১/৪ আঃ ৩৲ থং ৬৫

৪৮ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং সোলেমান সেথ দিং দাবি ৩৪/৩ থানা স্থতী মৌজে মহেশাইল ১-৩৭ শতকের কাত ৪৮৬ আঃ ২০৲ থং ৯১৬ রায়ত স্থিতিবান

১৯৪৯ সালের ডিক্রীজারী

৬৬ মনি ডিঃ মাহাতাব উদ্দিন বিশ্বাস দিং দেং আবুল হোসেন দাবি ১৭৮৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ১০৬ শতকের কাত ৫৪৷৵০ আঃ ২৫৲ থং ৪৮৭ রায়ত স্থিতিবান


---


বিখ্যাত কাটনীর চুণ


যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর (ঠাকুরবাড়ীর সন্নিকট)






স্থরবল্লী




যে সব ডাক্তাররা
স্থরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত